

النَّافِع

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৯২ তম নাম 'النَّافِع' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'النَّافِع' শব্দের মূল ن - ف - ع, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৫০ বার এসেছে। লাভ করা, কল্যাণ করা, লাভ দান করা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ النَّافِع অর্থ: 'তিনি লাভ দানকারী'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

فِيَوْمَئِذٍ لَّا يَنْفَعُ الَّذِينَ ظَلَمُوا مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ (৫৭)

সে দিন (কেয়ামতের দিন) যালিমদের ওজর আপত্তিতে কোনো উপকার হবে না এবং তাদেরকে আল্লাহর সন্তুষ্টি লাভেরও সুযোগ দেয়া হবে না। (সূরা আর রুম: আয়াত নং ৫৭)

বুখারী ও মুসলিম শরীফের হাদীস:

يَتَّبِعُ الْمَيِّتَ ثَلَاثَةً: أَهْلُهُ وَمَالُهُ وَعَمَلُهُ، فَيَرْجِعُ اثْنَانِ وَيَبْقَى وَاحِدٌ: يَرْجِعُ أَهْلُهُ وَمَالُهُ، وَيَبْقَى عَمَلُهُ -

মৃত ব্যক্তিকে তিনটি জিনিস অনুসরণ করে: ১। তার পরিবার। ২। তার মাল। ৩। তার আমল। তারপর দুটি ফিরে আসে, আর একটি সাথে রয়ে যায়। ফিরে আসে তার পরিবার ও মাল। আর রয়ে যায় তার আমল।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আমাদের মৃত্যু অবধারিত। মৃত্যুর পরবর্তী জীবনের জন্য আমরা আল্লাহর ইবাদত করি ও সৎকর্মশীলদের মধ্যে অন্তর্ভুক্ত হয়ে যাই। কারণ আমাদের সৎ আমলই পারবে আমাদের উপকার করতে করবে এবং বিচারের দিনে। আল্লাহ আমাদেরকে তাঁর ও রাসুলের নির্দেশিত পন্থায় শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।